# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬০২

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২. প্রথম অনুচ্ছেদ - প্রথম ওয়াক্ত হওয়ার সঙ্গে সঙ্গে সালাত আদায়

بَابُ تَعْجِيْلِ الصَّلَوَاتِ

আরবী

وَعَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِذَا أَدْرَكَ أَحَدُكُمْ سَجْدَةً مِنْ صَلَاةِ الْعَصْرِ قَبْلَ أَنْ تَغْرُبَ الشَّمْسُ فَلْيُتِمَّ صَلَاتَهُ وَإِذَا أَدْرَكَ سَجْدَةً مِنْ صَلَاةِ الصُّبْحِ قَبْلَ أَنْ تَطْلُعَ الشَّمْسُ فَلْيُتِمَّ صَلَاتَهُ» . رَوَاهُ الْبُخَارِيّ

বাংলা

৬০২-[১৬] উক্ত রাবী [আবূ হুরায়রাহ্ (রাঃ)] হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমাদের কেউ সূর্যাস্তের আগে ’আসরের সালাতের এক সিজদা্ (সিজদা/সেজদা) (রাক্’আত) পেলে সে যেন তার সালাত (সালাত/নামায/নামাজ) পূর্ণ করে। এমনিভাবে ফজরের (ফজরের) সালাত (সালাত/নামায/নামাজ) সূর্যোদয়ের আগে এক সিজদা্ (সিজদা/সেজদা) (রাক্’আত) পেলে সেও যেন তার সালাত পূর্ণ করে। (বুখারী)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ৫৫৬, নাসায়ী ৫১৬, সুনানুল কুবরা লিল বায়হাক্বী ১৭৭৪, সহীহ ইবনু হিব্বান ১৫৮৬, সহীহাহ্ ৬৬।

ব্যাখ্যা

ব্যাখ্যা: ‘‘সিজদা্’’ শব্দের স্থলে অন্য বর্ণনায় ‘‘রাক্‘আত’’ শব্দ এসেছে। পূর্বের হাদীসেও ‘‘যে ব্যক্তি রাক্‘আত পেল’’ বলা হয়েছে। খাত্ত্বাবী বলেন, এখানে সিজদা্ (সিজদা/সেজদা) দ্বারা রুকূ‘-সিজদাসহ পূর্ণ রাক্‘আত উদ্দেশ্য। আর রাক্‘আত তো পূর্ণ হয় সাজদার মাধ্যমে। এজন্যই রাক্‘আতকে সিজদা্ (সিজদা/সেজদা) বলা হয়েছে। কেউ যদি সূর্য উঠার পূর্বে ‘আসরের এক রাক্‘আত পায় সে যেন বাকী রাক্‘আত পূর্ণ করে নেয়। তাহলে সম্পূর্ণ সালাতই আদায় হয়ে যাবে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55159

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন